



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (খন্ড-১)/৬৬

তারিখ: ২৪.০৩.২০২৪ খ্রি.

বিষয়: ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মাঝে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণ সংক্রান্ত।

সূত্র: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১২.০৩.২০২৪ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.৯৯.০৬০.১৮.১৪৪ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ থেকে ১২শ ও সমমান শ্রেণিতে উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থীদের মাঝে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ HSP-MIS সফটওয়্যারের বিদ্যমান 'নগদ' ও ব্যাংক হিসাবধারী ব্যতীত অন্যান্য সকল উপকারভোগীর 'নগদ হিসাব' খোলার পরে উপবৃত্তির অর্থ বিতরণ করার বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, HSP-MIS সফটওয়্যারের বিদ্যমান 'নগদ' ও ব্যাংক হিসাবধারী সুবিধাভোগী ব্যতীত অন্যান্য সকল উপকারভোগীর 'নগদ হিসাব' খোলার পরে জুলাই-ডিসেম্বর/২০২৩ কিস্তির উপবৃত্তির অর্থ বিতরণ করা হবে। বিষয়টি উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর উপজেলা/থানাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করবেন। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং শ্রেণি শিক্ষক উপবৃত্তিপ্ৰাপ্ত শিক্ষার্থী/অভিভাবককে বিষয়টি অবহিত করবেন।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।
www.seo.kazipur.sirajganj.gov.bd



স্মারক নংঃ উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৪/৮৮

তারিখঃ ২৭/০৩/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার
....., স্কুল, মাদ্রাসা, কারিগরি
কাজিপুর, সিরাজগঞ্জ।

স্বাক্ষরিত
(মোঃ আফছার আলী)
জেলা শিক্ষা অফিসার (অতি:দাঃ)
ও
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(অতি: দাঃ)
কাজিপুর, সিরাজগঞ্জ।